

100. নিচের কোনটির তৈরির প্রক্রিয়াকে এরিথ্রোপোয়েসিস বলে?

- A. লোহিত রক্তকণিকা
B. অণুচক্রিকা
C. প্লাজমা
D. শ্বেত রক্তকণিকা

Solve লোহিত রক্তকণিকা বা এরিথ্রোসাইটিক তৈরির প্রক্রিয়াকে বলে এরিথ্রোপোয়েসিস।

“সং ইচ্ছা, কঠোর পরিশ্রম এবং অধ্যবসায়- এই তিনটি গুণ যাদের থাকবে তাদের সফলতা অনিবার্য।”

তোমরা যারা মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে, তারা অবশ্যই মেডিকেল ও ডেন্টালের পর নেক্সট টার্গেট করবে কৃষি বিশ্ববিদ্যালয়। কেননা- কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন প্রায় ৭০% মেডিকেল প্রশ্নের মত। তবে কৃষি ভর্তি পরীক্ষার জন্য একটি সঠিক গাইডলাইন দরকার। আর গাইডলাইন এবং পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য

অবশ্যই
“এগ্রি-টার্গেট”
বইটি দেখে রাখবা।

ANSWER : MBBS ADMISSION TEST : 2017-2018

1.A	2.D	3.D	4.A	5.B	6.A	7.C	8.B	9.C	10.C
11.B	12.B	13.A	14.D	15.C	16.C	17.A	18.B	19.C	20.C
21.C	22.C	23.C	24.C	25.B	26.C	27.D	28.C	29.D	30.B
31.B	32.B	33.B	34.B	35.B	36.C	37.A	38.A	39.C	40.B
41.B	42.C	43.B	44.B	45.D	46.C	47.B	48.C	49.D	50.A
51.B	52.B	53.C	54.C	55.C	56.B	57.C	58.B	59.B	60.B
61.B	62.C	63.A	64.B	65.C	66.D	67.D	68.C	69.B	70.A
71.C	72.C	73.B	74.B	75.D	76.D	77.A	78.A	79.C	80.B
81.C	82.D	83.D	84.B	85.C	86.C	87.D	88.C	89.C	90.D
91.C	92.B	93.D	94.C	95.D	96.B	97.D	98.B	99.B	100.A

MBBS ADMISSION TEST: 2016-2017


01. দ্রুত চলাচলের জন্য Hydra কোন চলন পদ্ধতি ব্যবহার করে?

- A. Somersaulting
B. Looping
C. Crowing
D. Gliding

Solve সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ Somersaulting। হাইড্রার এই চলনকে ডিগবাজী চলনও বলে। উল্লেখ্য যে, লুপিং (Looping) বা হামাগুড়ির মাধ্যমে হাইড্রা লম্বা দূরত্ব অতিক্রম করে।

Note: হাইড্রার ৯ প্রকার চলনের নামঃ

হৃন্দ: ক্রমসংকোচন ভাবে লুপিং গ্লাইডিং আর ক্রসিং করে পানিতে নত হয়ে



02. দ্রবণে Na^+ আয়ন শনাক্ত করণে নিচের কোনটি ব্যবহৃত হয়?

- A. $(\text{NH}_4)_2\text{C}_2\text{O}_4$
B. $\text{K}_2\text{H}_2\text{Sb}_2\text{O}_7$
C. $\text{Na}_2\text{H}_2\text{Sb}_2\text{O}_7$
D. AgNO_3

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ $\text{K}_2\text{H}_2\text{Sb}_2\text{O}_7$

Note: জেনে নাও বিভিন্ন আয়নের শনাক্তকরণঃ [বিভিন্ন লেখক]

★ ক্ষারীয় মূলকের শনাক্তকরণঃ

✗ লবণে ক্ষারীয় মূলকের শনাক্তকরণে সিজু পরীক্ষাঃ

আয়ন	প্রয়োজনীয় বিকারক	উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ	পর্যবেক্ষণ
Cu^{2+}	NH_4OH	$[\text{Cu}(\text{NH}_3)_4]\text{SO}_4$	হালকা নীল ও পরে গাঢ় নীল অধঃক্ষেপ
	$\text{K}_4[\text{Fe}(\text{CN})_6]$	$\text{Cu}_2[\text{Fe}(\text{CN})_6]$	বাদামী অধঃক্ষেপ
	KI	CuI	সাদা অধঃক্ষেপ পড়ে কিন্তু দ্রবণটি গাঢ় বাদামী হয়
NH_4^+	K_2HgI_4	$\text{NH}_2[\text{Hg}_2\text{I}_3]$	বাদামী অধঃক্ষেপ
K^+	$\text{Na}_3[\text{Co}(\text{NO}_2)_6]$	$\text{K}_3[\text{Co}(\text{NO}_2)_6]$	হলুদ অধঃক্ষেপ
Ba^{2+}	KCrO_4	BaCrO_4	হলুদ অধঃক্ষেপ
Fe^{2+}	$\text{K}_3[\text{Fe}(\text{CN})_6]$	$\text{KFe}[\text{Fe}(\text{CN})_6]$	গাঢ় নীল অধঃক্ষেপ
	$\text{K}_4[\text{Fe}(\text{CN})_6]$	$\text{Fe}_2[\text{Fe}(\text{CN})_6] / \text{K}_2\text{Fe}[\text{Fe}(\text{CN})_6]$	হালকা নীল অধঃক্ষেপ
Fe^{3+}	$\text{K}_3[\text{Fe}(\text{CN})_6]$	$\text{Fe}[\text{Fe}(\text{CN})_6]$	বাদামী দ্রবণ
	$\text{K}_4[\text{Fe}(\text{CN})_6]$	$\text{Fe}_4[\text{Fe}(\text{CN})_6]_3$	গাঢ় নীল অধঃক্ষেপ
	NH_4CNS	$\text{Fe}(\text{CNS})_3$	রক্তবর্ণ দ্রবণ
Zn^{2+}	NaOH	ZnS	প্রথমে $\text{Zn}(\text{OH})_2$ এবং পরে ZnS এর সাদা অধঃক্ষেপ
	$\text{K}_4[\text{Fe}(\text{CN})_6]$	$\text{Zn}_2[\text{Fe}(\text{CN})_6]$	সাদা অধঃক্ষেপ
Ca^{2+}	$\text{NH}_4\text{OOC}-\text{COONH}_4$	$\text{Ca}-\text{OOC}-\text{COO}-\text{Ca}$	সাদা অধঃক্ষেপ
	$(\text{NH}_4)_2\text{CO}_3$	CaCO_3	সাদা অধঃক্ষেপ
Na^+	$\text{K}_2\text{H}_2\text{Sb}_2\text{O}_7$	$\text{Na}_2\text{H}_2\text{Sb}_2\text{O}_7$	সাদা অধঃক্ষেপ
Al^{3+}	$\text{NH}_4\text{OH}/\text{NaOH}$	$\text{Al}(\text{OH})_3$	সাদা অধঃক্ষেপ

★ অম্লীয় মূলকের শনাক্তকরণঃ [বিভিন্ন লেখক]

→ লবণে অম্লীয় মূলকের শনাক্তকরণে সিক্ত পরীক্ষাঃ

আয়ন	প্রয়োজনীয় বিকারক	উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ	পর্যবেক্ষণ
Cl ⁻	AgNO ₃	AgCl	সাদা অধঃক্ষেপ
	(CH ₃ COO) ₂ Pb	PbCl ₂	সাদা অধঃক্ষেপ
SO ₄ ²⁻	Ba(NO ₃) ₂	BaSO ₄	সাদা অধঃক্ষেপ
	(CH ₃ COO) ₂ Pb	PbSO ₄	সাদা অধঃক্ষেপ
CO ₃ ²⁻	(CH ₃ COO) ₂ Pb	PbSO ₄	সাদা অধঃক্ষেপ
NO ₃ ⁻	সদ্য প্রস্তুতকৃত FeSO ₄ + গাঢ় H ₂ SO ₄	[FeSO ₄ (NO) (H ₂ O) ₅]SO ₄	বাদামী বলয় (রিং এর মতো)
S ²⁻	সোডিয়াম নাইট্রোপ্রসাইড	Na ₄ [Fe(NOS) (CN) ₅]	গোলাপী বা বেগুনি বর্ণ

★ হ্যালাইড সমূহের শনাক্তকরণঃ

→ বিভিন্ন হ্যালাইডের শনাক্তকরণ পরীক্ষাঃ

প্রয়োজনীয় বিকারক	ক্লোরাইড (Cl ⁻)	ব্রোমাইড (Br ⁻)	আয়োডাইড (I ⁻)
মূল দ্রবণ + AgNO ₃	AgCl	AgBr	AgI
অধঃক্ষেপ	সাদা অধঃক্ষেপ	হালকা হলুদ অধঃক্ষেপ	গাঢ় হলুদ অধঃক্ষেপ
দ্রাব্যতা	NH ₄ OH এ দ্রবণীয়	NH ₄ OH এ আংশিক দ্রবণীয়	NH ₄ OH এ অদ্রবণীয়

★ শিখা পরীক্ষাঃ

→ বিভিন্ন ধাতব আয়নের শিখা পরীক্ষায় সৃষ্ট বিভিন্ন বর্ণঃ

লবণ	পর্যবেক্ষণ শিখার বর্ণ		সিদ্ধান্ত
	খালি চোখে বর্ণ	নীল কাচে বর্ণ	
Na লবণ	সোনালী, হলুদ	বর্ণহীন	Na ⁺ আয়ন
K লবণ	বেগুনি (violet)	গোলাপী লাল (crimson)	K ⁺ আয়ন
Ca লবণ	ইটের ন্যায় লাল (Brick-red)	হালকা সবুজ (light green)	Ca ⁺ আয়ন
Cu লবণ	নীলাভ সবুজ		Cu ²⁺ আয়ন

→ শিখা পরীক্ষায় গাঢ় HCl ব্যবহৃত হয়

Secret কথা যাদের অধঃক্ষেপ সাদা : Zn²⁺, Ca²⁺, Na⁺, Al³⁺, Cl⁻, SO₄²⁻, CO₃²⁻.

03. পানির কোন ধর্মকে কাজে লাগিয়ে পানি থেকে বিদ্যুৎ উৎপাদন করা হয়?

- A. সান্দ্রতা
B. পৃষ্ঠটান
C. বিভব শক্তি
D. স্থিতি শক্তি

Solve পানিতে যখন বাধ দেয়া হয়, তখন পানির মধ্যে বিভব স্থিতি শক্তি জমা হয়। যখন পানি নিচে প্রবাহিত হয় তখন ঐ স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয় এবং রূপান্তরিত গতিশক্তি ব্রেডযুক্ত টারবাইনকে ঘুরায়। আর এই ভাবে বিদ্যুৎ উৎপন্ন করা হয়; যাকে বলে জলবিদ্যুৎ।

04. The play HAMLET is written by-

- A. W. H Auden
B. W. Wordsworth
C. W. B Yeats
D. William Shakespeare

05. লুক্সেম্বার্স কোন দেশের জাতীয় এয়ার লাইনস এর নাম?

- A. ইন্দোনেশিয়া
B. চীন
C. জার্মানি
D. রাশিয়া

06. কোনটি ঘাসফড়িং -এর মস্তকের বহিঃকঙ্কালের অংশ নয়?

- A. জেনা
B. এপিক্রেনিয়াম
C. ওসেলি
D. ভার্টেক্স

Solve 'ওসেলি' ঘাসফড়িং- এর মস্তকের বহিঃকঙ্কালের অংশ নয়; কেননা ঘাসফড়িংয়ের মস্তকের বহিঃকঙ্কালের অংশ হচ্ছে ৪টি। যথাঃ
i. ভার্টেক্স
ii. জেনা
iii. ফ্রস
iv. ক্রাইপিয়াস।

Note : ঘাসফড়িং এর- মস্তক সম্পর্কিত কিছু তথ্যঃ [আজমল+আলীম]

- এটি দেখতে নাশপাতি আকৃতির এবং হাইপোগন্যাথাস ধরনের।
- জ্ঞানীয় ৬টি খন্ডক মিলিত হয়ে মস্তক গঠিত হয়।
- এর বহিঃ কঙ্কালের নাম হেড ক্যাপসুল বা এপিক্রেনিয়াম যা ভার্টেক্স, জেনা, ফ্রস এবং ক্রাইপিয়াস এর সমন্বয়ে গঠিত।
- ঘাসফড়িং এর মস্তক ১ জোড়া পুঞ্জাঙ্কি, ৩টি ওসেলি, ১ জোড়া অ্যান্টেনা ও এক সেট মুখোপাস্ত দ্বারা গঠিত।
- প্রতিটি ওসেলাসে ৪-৭টি রেটিন্যুলার কোষ থাকে।
- প্রত্যেক অ্যান্টিনার ৩টি অংশ থাকে; যথা- স্কেপ, পেডিসেল ও ফ্লাজেলাম।
- ঘাসফড়িং এর মুখোপাস্তের অংশ ৫টি। যথা-
i. ল্যাব্রাম- এটি পেশী দ্বারা মস্তকের ক্রাইপিয়াসের সাথে যুক্ত থাকে।
ii. ম্যান্ডিবল- অ্যাডাক্টর ও অ্যাবডাক্টর পেশী দ্বারা মস্তকের সাথে যুক্ত।
iii. ম্যান্ডিবুলা
iv. ল্যাবিয়াম
v. হাইপোফ্যারিংক্স- এর গোড়ায় লালগ্রন্থি উন্মুক্ত থাকে।

07. ব্যুরেটের অভ্যন্তরে গ্রিজ বা তৈলাক্ত পদার্থ দূর করার জন্য কি ব্যবহার করা হয়?

- A. K₂Cr₂O₇ ও গাঢ় H₂SO₄
B. গাঢ় K₂Cr₂O₇ ও হালকা H₂SO₄
C. K₂Cr₂O₇ ও H₂SO₄
D. গাঢ় K₂Cr₂O₇ ও গাঢ় H₂SO₄

Solve সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ K₂Cr₂O₇ ও গাঢ় H₂SO₄

Note : জেনে নাও কিছু প্রয়োজনীয় তথ্যঃ [হাজারী+সঞ্জিত]

- পাইরেক্স কাচের সংকেত-Na₂O.CaO.B₂O.nSi₂.
- কার্বসিনোজেনিক কাঁচ যন্ত্রপাতি পরিষ্কারক ক্রোমিক এসিড।
- আলোক সক্রিয়ক রিয়েজেন্ট রাখা হয়- বাদামী বর্ণের বোতলে।
- পরীক্ষাগারে বমি প্রতিরোধে ইমিকাপ সিরাপ ব্যবহৃত হয়।
- এসিড খেয়ে ফেললে মিল্ক অব ম্যাগনেসিয়া খেতে হবে।
- বোরাক্স এর সংকেত হলো Na₂B₄O₇.10H₂O.
- NH₄OH হাঁপানি রোগ সৃষ্টি করে।
- ল্যাবরেটরিতে অপোলার জৈব পদার্থ পরিষ্কার করতে ব্যবহৃত হয় বেনজিন।
- পোর্সেলিন বাটিতে সর্বোচ্চ 1500°C ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা তোলা যায়।
- ক্রোমিক এসিড কাঁচ দ্রব্য পরিষ্কার করার জন্য ব্যবহৃত হয়।
- বুনসেন দীপ শিখার দীপ্তিমান শিখাকে বিজারন শিখা বলে।
- K₂Cr₂O₇ ও গাঢ় H₂SO₄ দ্রবণ হলো ক্রোমিক এসিড।
- সন্দেহভাজন ক্যান্সার সৃষ্টিকারী পদার্থ K₂Cr₂O₇
- কোমল গ্লাসকে পাইরেক্স কাঁচ বলে।
- মাইক্রো অ্যানালাইসিস ব্যবহৃত হয় ইলেকট্রোফেরিক ও এক্সরে ডিফ্রাকশন।
- নীল কাঁচ তৈরীতে ব্যবহৃত হয় CaO
- হ্যালোজেনযুক্ত যৌগ জডিস/লিভার সিরোসিসের জন্য দায়ী।
- ট্রাইট্রেশন করতে ব্যবহৃত হয় কনিক্যাল ফ্লাস্ক।
- ল্যাবরেটরিতে কাজ করার সময় ব্রোমিন দ্বারা হাত পুড়লে গ্লিসারিন ব্যবহার করা উচিত।

08. একটি বস্তুর আনুভূমিকের সাথে 45° কোণে 9.8 ms^{-1} বেগে নিক্ষেপ করলে কত দূরে গিয়ে পড়বে?

- A. 19.6 m
B. 9.8 m
C. 10 m
D. 1 m

Solve আমরা জানি, আনুভূমিক পাল্লা, $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$

$$= \frac{(9.8)^2 \times \sin(2 \times 45)}{9.8}$$

$$= \frac{9.8 \times 9.8 \times 1}{9.8}$$

$$= 9.8 \text{ m}$$

∴ সঠিক উত্তর অপশন 'B'

09. "তিনি কদাচিৎ মিথ্যা কথা বলেন"- Which one is the correct English translation?

- A. He sometimes tells a lie.
B. He tells a lie sometimes
C. Somewhat he tells a lie
D. He seldom tells a lie.

Solve সঠিক translation হচ্ছে অপশন 'D' অর্থাৎ He seldom tells a lie.

Note: জেনে নাও কিছু প্রয়োজনীয় Translations:

- সকাল থেকে শুড়ি শুড়ি বৃষ্টি হচ্ছে
= It has been drizzling since morning
- টাকায় টাকা আনে
= Money begets money
- ছেলেটি দেখতে তার পিতার মত
= The boy takes after his father
- পরীক্ষা খুবই সন্নিহিত
= The examination is knocking at the door
- তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন
= He came off with flying colours
- লোভে পাপ, পাপে মৃত্যু
= Greeds leads to sin and sin to death
- নানা মূর্খের নানা মত
= Many men many minds
- আমার বন্ধু নাই বললেই চলে
= I have few friends
- চোরে চোরে মাস্ততো ভাই
= Birds of the same feather flock together
- আমার বমি বমি লাগছে
= I feel nausea
- বন্ধু তাক করতে না করতেই পাখিটা উড়ে গেল
= No sooner had he aimed at the bird than it flew away
- সততা সর্বোৎকৃষ্ট পন্থা
= Honesty is the best policy
- আমার যদি পাখির মত ডানা থাকত
= Had I the wings of a bird!
- নিউটন বছর বছর জন্মে না
= A Newton is not born every year
- শেষ ভাল যার সব ভাল তার
= All is well that ends well

10. সিগমুন্ড ফ্রয়েড ছিলেন একজন-

- A. ইতিহাসবিদ
B. অর্থনীতিবিদ
C. রাষ্ট্রবিজ্ঞানী
D. মনোবিজ্ঞানী

Solve সিগমুন্ড ফ্রয়েড ছিলেন একজন মনোবিজ্ঞানী। তিনি ১৮৫৬ সালে ৫ মে জন্ম গ্রহণ করেন এবং ১৯৩৯ সালে ২৩ সেপ্টেম্বর মৃত্যুবরণ করেন তাঁর উল্লেখযোগ্য কিছু গ্রন্থ হলোঃ

- On Aphasia (1891)
- Studies on Hysteria (1895)
- The Interpretation of Dreams (1900)
- On Dreams (1901)
- The Psychopathology of Everyday Life (1904)
- Beyond the Pleasure Principal (1920)
- The Future of an Illusion (1927)
- Moses and Monotheism (1939)

11. রুই মাছের আইশের বৃদ্ধি কোন সময়ে বেশী হয়?

- A. বর্ষাকালে
B. শরৎকালে
C. শীতকালে
D. বসন্তকালে

Solve সাধারণত বসন্তকালে ও গ্রীষ্মে রুই মাছের আইশের বৃদ্ধি বেশী হয়।

Note: রুই মাছ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্যঃ [আজমল+আলীম]

- রুই মাছ হচ্ছে Cypriniformes বর্গের অন্তর্গত একটি প্রাণী।
- এদেরকে মেজর কার্প বলা হয়।
- রুই মাছের দেহ মাথা, দেহকান্ড ও লেজ-এ ৩ অংশে বিভক্ত।
- মাথা আইশবিহীন ও ৪-৫ ইঞ্চি লম্বা।
- দেহকান্ড ও লেজ সাইক্লয়েড আইশ দ্বারা আবৃত।
- রুই মাছের মোট ৫ ধরনের পাখনা রয়েছে-
 - পৃষ্ঠ- পাখনা: ১৪-১৬ টি পাখনা- রশ্মি থাকে।
 - বক্ষ- পাখনা: প্রতিটি পাখনায় ১৭-১৮টি পাখনা রশ্মি থাকে।
 - শ্রোণী- পাখনা: প্রতিটি পাখনায় ৯টি পাখনা রশ্মি থাকে।
 - পায়ু- পাখনা: ৬-৭টি পাখনা রশ্মি থাকে।
 - পুচ্ছ- পাখনা: ১৯টি পাখনা রশ্মি থাকে।
- বক্ষ পাখনা ও শ্রোণী পাখনা হলো যুগ্ম প্রকৃতির এবং পৃষ্ঠীয় পাখনা, পায়ু পাখনা, পুচ্ছ পাখনা হলো অযুগ্ম প্রকৃতির।
- স্যামন, লাংফিস ও কার্প জাতীয় সকল মাছেই সাইক্লয়েড আইশ থাকে।
- রুই মাছের পুচ্ছ- পাখনা হলো হোমোসার্কাল প্রকৃতির।
- মেজর কার্প- 100 cm থেকে বড় এবং 1.5 কেজি থেকে বেশি (যেমন- রুই, কাতলা, মৃগল)
- মাইনর কার্প- বাটা, ঘনিয়া

12. PbO_2 কে দ্রবীভূত করতে নিচের কোনটি ব্যবহার করা যাবে?

- A. HCl
B. H_2SO_4
C. HNO_3
D. $\text{HO} + \text{H}_2\text{O}$

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ H_2SO_4

13. কোন ধরনের কণার বিনিময়ের ফলে মহাকর্ষ বল ক্রিয়াশীল হয়?

- A. নিউট্রন
B. মেসন
C. গ্রাভিট্রন
D. ফোটন

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ গ্রাভিট্রন।

Note জেনে নাও মহাকর্ষ বল সম্পর্কিত কিছু তথ্যঃ [ইসহাক+তপন]

বল	উৎসের কারণ	পাঠা	আপেক্ষিক সবলতা (মহাকর্ষ বলের সাপেক্ষে)	আপেক্ষিক সবলতা(সবল নিউক্লিয়ার বলের সাপেক্ষে)
মহাকর্ষ বল	গ্রাভিট্রন কণা	অসীম	1	10^{-11}
দুর্বল নিউক্লিয়ার বল	গামা ও বিটা বিকিরণ	10^{-16}	10^{30}	10^{-11}
তড়িৎ চুম্বকীয় বল	ফোটন	অসীম	10^{39}	10^{-2}
সবল নিউক্লিয়ার বল	মেসন কণা বিনিময়	10^{-15}	10^{41}	1

14. Choose the correct group verb to complete the following sentence-'Why are you looking so much—?'

- A. run down
B. run after
C. run into
D. run off

Solve সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ run down.

Note : নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ

- run after - কোন কিছু অর্জনের জন্য প্রচুর পরিশ্রম করা।
- run into - জড়ানো
- run down - অতিরিক্ত পরিশ্রমের দরুন কাউকে ক্লান্ত বা বিপর্যস্ত মনে করা
- run off - হঠাৎ করে করে কোন জায়গা বা কাউকে ছেড়ে যাওয়া।

15. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?

- A. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
B. তাজউদ্দীন আহম্মেদ
C. ক্যাপ্টেন মনসুর আলী
D. সৈয়দ নজরুল ইসলাম

Solve সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ সৈয়দ নজরুল ইসলাম।

Note : জেনে নাও কিছু গুরুত্বপূর্ণ তথ্যঃ

- বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথ নেয়- ১৭ এপ্রিল ১৯৭১
- বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার- এ যারা ছিলেন
 - রাষ্ট্রপতি- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
 - অস্থায়ী রাষ্ট্রপতি- সৈয়দ নজরুল ইসলাম
 - প্রধান মন্ত্রী- তাজউদ্দিন আহমদ
 - অর্থমন্ত্রী- এম মনসুর আলী
 - পররাষ্ট্র ও আইনমন্ত্রী- খন্দকার মোস্তাক আহমদ
- বাংলাদেশের অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান- অধ্যাপক ইউসুফ আলী

16. একজন ছয় বছরের বালিকার দাঁতের সংকেত (ICPM) কোনটি?

- A. $I_2C_1P_2M_3$
B. $I_2C_1P_0M_2$
C. $I_2C_2P_1M_0$
D. $I_2C_0P_1M_2$

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ $I_2C_1P_0M_2$ ।

উল্লেখ্য যে, প্রাপ্ত বয়স্ক মানুষের স্থায়ী দাঁতের সংকেত হলো: $\frac{I_2C_1P_2M_3}{I_2C_1P_2M_3}$

$$= \frac{8 \times 2}{8 \times 2} = 16 + 16 = 32$$

17. অবলোহিত রশ্মির ব্যবহার নয় কোনটি?

- A. রিমোট কন্ট্রোল
B. টিভি সিগন্যাল
C. অপটিক্যাল ফাইবারের মাধ্যমে যোগাযোগ
D. ফিজিওথেরাপি

Solve অপশন 'B' অবলোহিত রশ্মির ব্যবহার নয়।

Note : তড়িৎ চুম্বকীয় বর্ণালীর বিভিন্ন অঞ্চলের তরঙ্গদৈর্ঘ্য, ফ্রিকুয়েন্সি ও ব্যবহারঃ [হাজারী]

তড়িৎ চুম্বকীয় বিকিরণ অঞ্চল	তরঙ্গদৈর্ঘ্য পরিসর	ফ্রিকুয়েন্সি পরিসর	গুরুত্বপূর্ণ ব্যবহার
১. রেডিও ওয়েভ অঞ্চল	10km-1mm	3kHz - 3×10^{11} Hz	রেডিও-টিভির সিগন্যাল ও MRI যন্ত্রে ব্যবহৃত হয়।
২. মাইক্রোওয়েভ অঞ্চল	1mm-1m	3×10^8 Hz - 3×10^{11} Hz	Wi-Fi, মোবাইল ফোন সিগন্যাল ও মাইক্রোওভেনে ব্যবহৃত হয়।
৩. অবলোহিত (IR) অঞ্চল	1mm-780nm	3×10^{11} Hz - 385×10^{12} Hz	রিমোট কন্ট্রোল, অপটিক্যাল ফাইবার মাধ্যমে যোগাযোগ ও ফিজিওথেরাপিতে ব্যবহৃত হয়।
৪. দৃশ্যমান অঞ্চল	780nm-380nm	385×10^{12} Hz - 790×10^{12} Hz	সালোকসংশ্লেষণ ও বিশ্লেষণী রসায়নে পদার্থের পরিমাণ নির্ণয়ে ব্যবহৃত।
৫. অতিবেগনি (uv)	380 nm-10nm	790×10^{12} Hz - 3×10^{16} Hz	জালটাকা ও জাল পাসপোর্ট শনাক্তকরণে ব্যবহৃত হয়।
৬. X-ray অঞ্চল	10 nm-0.01nm	3×10^{16} Hz - 3×10^{19} Hz	চিকিৎসা বিজ্ঞানে দেহের অভ্যন্তরের প্রতিচ্ছবি তোলায় কাজে ব্যবহৃত হয়।
৭. গামা (γ) Ray অঞ্চল	< 0.01 nm	> 3×10^{19} Hz	ক্যান্সার রোগের চিকিৎসা ও খাদ্যশস্যে অণুদীর্ঘ ধ্বংস করতে ব্যবহৃত হয়।

18. 60 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ 10 ms^{-1} এর বৃদ্ধি পাবে?

- A. 20 N
B. 40 N
C. 10 N
D. 50 N

Solve আমরা জানি,

$$F = ma$$

$$= m \times \frac{v-u}{t}$$

$$= 60 \times \frac{10}{60} = 10 \text{ N}$$

অতএব, সঠিক উত্তর অপশন 'C'

এখানে,

$$\text{বেগ বৃদ্ধি, } v-u = 10 \text{ ms}^{-1}$$

$$\text{ভর, } m = 60 \text{ kg}$$

$$\text{সময়, } t = 1 \text{ min} = 60 \text{ s}$$

$$\text{বল, } F = ?$$

19. Identify the word in the plural form:

- A. Agendum
B. Physics
C. Radium
D. Civics

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ Radium. যার Singular form radius.

Note-1: কিছু Noun রয়েছে যাদের কোনো plural form নেই; শুধুমাত্র 'তারা' Singular form- এ ব্যবহৃত হয়। যেমন : Bread, Expenditure, Furniture, Scenery, Poetry, Machinery, Fruit, Alphabet, Issue, Abuse, Light, Powder, Practice, Wood etc.

Note -2: কিছু Noun যারা সর্বদাই plural form হিসেবে ব্যবহৃত হয়ঃ যেমন : Minutes, Arms, Colours, Customs, Effects, Manners, Numbers, Pains, Premises, Quarters, Parts, Circumstances, Alms, Thanks, Complements, Regards, Principles, Proceeds, Scissors, Trousers etc.

Note-3: কিছু নিয়ম :

→ দেখতে Singular হলেও আসলে Plural: Public, Cattle, Aristocracy, Nobility, Mankind, People, Police, Poultry, Government, Majority etc.

→ দেখতে Plural হলেও আসলে Singular: Mathematics, News, Physics, Innings, Optics, Gallows, Ethics, Electronics, Athletics, Statistics, Politics etc.

→ কতগুলো Noun যাদের Plural ও Singular form একই:- Cannon, Apparatus, Corps, Deer, Gross, Salmon, Series, Sheep, Species, Swire, Canon, Hundred, Score, Piece etc.

20. CGPA এর পূর্ণ অভিযুক্তি হচ্ছে-

- A. Current Grade Point Average
- B. Cumulative Grade Point Average
- C. Certificate Grade Point Average
- D. Complete Grade Point Average

Solve CGPA এর পূর্ণ রূপ হচ্ছে Cumulative Grade Point Average.

Note : জেনে নাও কিছু প্রয়োজনীয় Abbreviations:

- BAFA- Bangladesh Airforce Academy
- BANBIES - Bangladesh Bureau of Educational Information and Statistics
- BAPEX- Bangladesh Petroleum Exploration and Production Company Limited.
- BARD- Bangladesh Academy for Rural Development
- BARI - Bangladesh Agricultural Research Institute
- BASIS - Bangladesh Association of Software and Information Services.
- BCS - Bangladesh Civil Service
- BFPZA- Bangladesh Export Processing Zones Authority
- BRRI- Bangladesh Rice Research Institute
- BSS - Bangladesh Sangbad Sangstha
- BSTI- Bangladesh Standard and Testing Institution.
- CIRDAP - Centre on Integrated Rural Development for Asia and the Pacific.

21. নিচের কোনটি BMI (Body Mass Index) এর অতিরিক্ত ওজন নির্দেশ করে?

- A. 18.5 – 24.9 kg/m²
- B. 25.0 – 29.9 kg/m²
- C. 30.0 – 34.9 kg/m²
- D. 35.0 – 39.9 kg/m²

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ 25.0 – 29.9 kg/m²। উল্লেখ্য যে, 'Body Mass Index (BMI) বা দেহের ওজন সূচক' দ্বারা পূর্ণবয়স্ক মানুষের দেহের স্থলতার মান প্রকাশ করা হয়।

$$BMI = \frac{\text{দেহের ওজন (kg)}}{\text{ব্যক্তির উচ্চতা (m)}^2}$$

22. Na(11) এর ইলেকট্রন বিন্যাস কোনটি?

- A. 1s²2s²2p⁵3s²
- B. 1s²2s²2p⁴3s³
- C. 1s²2s²2p⁶3s¹
- D. 1s²2s³2p³3s⁴

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ 1s²2s²2p⁶3s¹

Note : দেখে নাও কিছু প্রয়োজনীয় মৌলের ইলেকট্রন বিন্যাস ও পর্যায় সারণীতে এদের অবস্থানঃ [হাজারী]

1. Na(11) → 1s² 2s² 2p⁶ 3s¹ ← যোজ্যতাস্তর
৩য় পর্যায় এবং 1 নং গ্রুপ
2. Al (13) → 1s² 2s² 2p⁶ 3s² 3p¹ ← যোজ্যতাস্তর
৩য় পর্যায় এবং 13 নং গ্রুপ
3. K(19) → 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶ 3d⁰ 4s¹ ← যোজ্যতাস্তর
৪র্থ পর্যায় এবং 1নং গ্রুপ
4. Sc(21) → 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶ 3d¹ 4s² ← যোজ্যতাস্তর
৪র্থ পর্যায় এবং 3 নং গ্রুপ
5. Cr(24) → 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶ 3d⁵ 4s¹ ← যোজ্যতাস্তর
৪র্থ পর্যায় এবং 6 নং গ্রুপ
6. Cu(29) → 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶ 3d¹⁰ 4s¹ ← যোজ্যতাস্তর
৪র্থ পর্যায় এবং 11 নং গ্রুপ
7. Zn(30) → 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶ 3d¹⁰ 4s² ← যোজ্যতাস্তর
৪র্থ পর্যায় এবং 12 নং গ্রুপ

23. কোনো নির্দিষ্ট ভরের গতি শক্তি, এর ভরবেগের সাথে সম্পর্ক কি?

- A. বর্গমূলের সমানুপাতিক
- B. বর্গের সমানুপাতিক
- C. বর্গের ব্যস্তানুপাতিক
- D. সমানুপাতিক

Solve আমরা জানি, $E_k = \frac{p^2}{2m}$; এখানে $E_k =$ গতিশক্তি, $p =$ ভরবেগ, $m =$ ভর। সুতরাং সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ নির্দিষ্ট ভরের বস্তুর গতিশক্তি বস্তুর ভরবেগের বর্গের সমানুপাতিক ($E_k \propto p^2$).

24. Choose the correct sentence:

- A. We have many works to do in summer
- B. we have much works to do in summer
- C. We have a lot of work to do in summer
- D. We have a lot of works to do in summer

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ We have a lot of work to do in summer

Note : নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ

→ Many, Several, Few- শব্দ তিনটি সর্বদাই Countable Noun এর সাথে বসে। যেমন :

- 1 He has many books
- 2 Many boys are playing
- 3 There are few educated women in our country
- 4 I have a few books
- 5 Several people caused the chaos
- 6 Several students attend the class regularly

→ Much, Little, Less, Least-এই শব্দ চারটি সর্বদাই Uncountable Noun এর সাথে বসে। যেমন :

- 1 I have much doubt about it
- 2 There is much water in this pond
- 3 There is little water in this pond
- 4 He has little knowledge about this
- 5 She has less weight than I
- 6 This glass contains the least water

→ আবার More, Most, The Rest of, Some ইত্যাদি Countable এবং Uncountable Noun দুটির সাথেই অবস্থান করে। যেমন :

- 1 More water is needed (uncountable)
- 2 More people are needed (countable)
- 3 Most students of this class are meritorious (countable)
- 4 Most heat was wasted (uncountable)
- 5 The rest of her pens have been stolen (countable)
- 6 The rest of the milk of the glass has been drunk (uncountable)
- 7 Some of the tress broke down (countable)
- 8 You can drink some of the milk (uncountable)

25. দক্ষিণ পূর্ব এশিয়ায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার আঞ্চলিক সংস্থার সদর দপ্তর কোন শহরে?

- A. কঠমান্ডু
- B. কলম্বো
- C. নয়াদিল্লি
- D. ইসলামাবাদ

26. নিচের কোনটি মিশ্র গ্রহিণী?

- A. অগ্ন্যাশয়
- B. শুক্রাশয়
- C. ডিম্বাশয়
- D. এড্রেনাল গ্রহিণী

Solve অগ্ন্যাশয়, শুক্রাশয়, ডিম্বাশয় এই ৩টি হচ্ছে মিশ্র গ্রহিণী।

27. কোন মৌলের বিভিন্ন উপকক্ষে সর্বোচ্চ ইলেকট্রন সংখ্যা জানার জন্য নিচের কোন নীতি ব্যবহার হয় না?

- A. আউফবাউ নীতি
- B. হুন্ডের নীতি
- C. পলির বর্জন নীতি
- D. গ্রাহফের নীতি

Solve সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ গ্রাহফের নীতি।

Note: পলির বর্জন নীতি অনুসারে বিভিন্ন শক্তিস্তরে অরবিটাল ও ইলেকট্রন সংখ্যাঃ [হাজারী+সঞ্জিত]

নাম	সূত্র	ব্যাখ্যা
যেকোন কক্ষপথে সর্বোচ্চ অরবিটাল সংখ্যা	n^2	১ম কক্ষপথে, $n^2 = 1^2 = 1$ টি ২য় কক্ষপথে, $n^2 = 2^2 = 4$ টি
যেকোন কক্ষপথে সর্বোচ্চ ইলেকট্রন সংখ্যা	$2n^2$	১ম কক্ষপথে, $2 \cdot 1^2 = 2$ টি ২য় কক্ষপথে, $2 \cdot 2^2 = 8$ টি
উপশক্তি স্তরে সর্বোচ্চ ইলেকট্রন সংখ্যা	$2(2l + 1)$	$n = 2$ হলে, $l = 0, 1$ $\therefore 2(2 \cdot 0 + 1) = 2$ টি ইলেকট্রন $\therefore 2(2 \cdot 1 + 1) = 6$ টি ইলেকট্রন
উপশক্তি স্তরে সর্বোচ্চ অরবিটাল সংখ্যা	$(2l + 1)$	$n = 3$ হলে, $l = 0, 1, 2$ $\therefore (2 \cdot 0 + 1) = 1$ টি অরবিটাল $\therefore (2 \cdot 1 + 1) = 3$ টি অরবিটাল $\therefore (2 \cdot 2 + 1) = 5$ টি অরবিটাল

28. কোন নীতি ব্যবহার করে বস্তুর ভরকে শক্তিতে রূপান্তর করা যায়?

- A. কাজ-শক্তি উপপাদ্য
- B. আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব
- C. যান্ত্রিক শক্তির সংরক্ষণ নীতি
- D. নিউটনের গতিশক্তি

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব।
উল্লেখ্য যে, এই তত্ত্বানুসারে বস্তুর ভরের রূপান্তরিত শক্তির পরিমাণ হলো E; যেখানে $E = mc^2$

29. একই সাথে শরীরে রক্তে অক্সিজেনের ঘনত্ব ও হৃৎস্পন্দনের পরিমাপক যন্ত্রের নাম কি?

- A. থার্মোমিটার
- B. ফিগমোম্যানোমিটার
- C. পালসঅক্সিমিটার
- D. ব্যারোমিটার

Solve 'পালসঅক্সিমিটার' নামক পরিমাপক যন্ত্রের সাহায্যে একই সাথে মানুষের শরীরে রক্তে অক্সিজেনের ঘনত্ব ও হৃৎস্পন্দন মাপা যায়।

30. অ্যাক্টিনাইড মৌল কোনটি?

- A. ফ্রেমিয়াম
- B. থোরিয়াম
- C. সেলিনিয়াম
- D. পটাশিয়াম

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ থোরিয়াম।

Note: জেনে নাও পর্যায় সারণীর বিভিন্ন গ্রুপের উপনাম ও অন্তর্ভুক্ত মৌলসমূহঃ [হাজারী+সঞ্জিত]

উপনাম	গ্রুপ/শ্রেণী এবং মৌলসমূহ
ক্ষার ধাতু	G-1 (Li, Na, Rb, Cs, Fr)
ক্ষারীয় মৃত্তিকা ধাতু বা মৃৎক্ষার ধাতু	G-2 (Be, Mg, Ca, Sr, Ba, Ra)
মুদ্রা ধাতু	G-11 (Cu, Ag, Au)
ভারী ধাতু	G-12 (Zn, Cd, Hg)
অ্যাক্টিনাইড ও ল্যান্থানাইড সিরিজ	G-13 (La থেকে Lu পর্যন্ত = 15টি Ac থেকে Lr পর্যন্ত = 15টি)
হ্যালোজেন মৌল	G-17 (F, Cl, Br, I)
নিষ্ক্রিয় মৌল	G-18 (He, Ne, Ar, Kr, Xe, Rn)
অপধাতু	Ge, Bi, Si, As, Sb, Te, B
চুম্বক ধাতু	(Fe, Co, Ni, Ru, Rh, Pd, Pt)
নিকৃষ্ট ধাতু	(Fe, Cu)
অভিজাত ধাতু	(Ag, Au, Pt)
প্রতিনিধি মৌল	(s ব্লক এবং p ব্লক মৌল)
ট্রান্সইউরেনিয়াম মৌল	(93-103 পর্যন্ত)
অবস্থান্তর মৌল	(G-12 ব্যতীত d ব্লকে অন্যান্য মৌল)
বিরল মৃত্তিকা ধাতু	(ল্যান্থানাইড মৌল)
নরম ধাতু	Pb, Na, K, Ca

31. একক ভরের দুটি বস্তু একক দূরত্বে যে বল দ্বারা পরস্পরকে আকর্ষণ করে, সেটি হলো-

- A. অভিকর্ষজ ত্বরণ
- B. মহাকর্ষীয় ধ্রুবক
- C. একক বল
- D. গ্রাহফের ধ্রুবক

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ মহাকর্ষীয় ধ্রুবক। [আমরা জানি, $F = \frac{Gm_1m_2}{r^2}$; এখন $m_1 = m_2 = r =$ একক মান (১) হলে $F = G$ হয়; যেখানে F হলো মহাকর্ষ বল এবং G হলো মহাকর্ষীয় ধ্রুবক।]

32. নিউক্লিয়াস বিহীন কোষ হলো-

- A. লোহিত রক্তকণিকা
- B. শ্বেত রক্তকণিকা
- C. স্নায়ুকোষ
- D. হৃৎকোষ

Solve যেসব কোষে নিউক্লিয়াস থাকে না- স্তন্যপায়ী প্রাণির লোহিত রক্ত কণিকা (RBC), সীডনল, অণুচক্রিকা, পরিণত সীডকোষ, প্রোটোলেট, আদিকোষ।

33. নিচের কোনটি অক্সাইড অম্লধর্মী?

- A. MgO
- B. Al₂O₃
- C. Na₂O
- D. CO₂

Solve সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ CO₂।

Note: জেনে নাও অক্সাইডের শ্রেণিবিন্যাসঃ [বিভিন্ন লেখক]

অক্সাইডের প্রকৃতি	উদাহরণ
অম্লীয়	CO ₂ , SO ₂ , SO ₃ , NO ₂ , N ₂ O ₅ , P ₂ O ₅ ইত্যাদি
ক্ষারকীয়	Na ₂ O, K ₂ O, MgO, CaO ইত্যাদি
উভধর্মী	ZnO, Al ₂ O ₃ , PbO, SnO ইত্যাদি
নিরপেক্ষ	H ₂ O, CO, N ₂ O, NO ইত্যাদি
পারঅক্সাইড	Na ₂ O ₂ , BaO ₂ , H ₂ O ₂ ইত্যাদি
পলি অক্সাইড	MnO ₂ , PbO ₂
সুপার অক্সাইড	KO ₂
সাব অক্সাইড	Pb ₂ O
যৌগিক বা মিশ্র	Fe ₃ O ₄ , Pb ₃ O ₄

34. তরঙ্গদৈর্ঘ্য (λ), তরঙ্গ বেগ (v) এবং কম্পাঙ্ক (n) এর মধ্যে সঠিক সম্পর্ক কোনটি?

- A. $n = v\lambda$ B. $\lambda = nv$
C. $n = \frac{\lambda}{v}$ D. $v = n\lambda$

Solve সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ $v = n\lambda$

35. হৃদযন্ত্রের রোগ নির্ণয়ে প্রাথমিক পরীক্ষা কোনটি?

- A. এনজিওগ্রাম B. লিপিড প্রোফাইল
C. ইসিজি D. ইটিটি

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ ইসিজি (ECG- Electrocardiogram)। উল্লেখ্য যে, এনজিওগ্রাম পরীক্ষা দ্বারা হৃৎপিণ্ডের রক্তনালীতে ব্লকের উপস্থিতি জানা যায় এবং ইটিটি (ETT- Exercise Tolerance Testing) পরীক্ষার মাধ্যমে হৃৎপিণ্ডের কার্যক্ষমতা সম্পর্কে ধারণা পাওয়া যায়।

36. নিচের কোন সালফেট লবণ পানিতে অদ্রবণীয়?

- A. CuSO_4 B. Na_2SO_4
C. $\text{Al}_2(\text{SO}_4)_3$ D. BaSO_4

Solve BaSO_4 পানিতে অদ্রবণীয়। উল্লেখ্য যে, CaCO_3 , ZnCO_3 , CuCO_3 , PbSO_4 , Ag_2SO_4 লবণও পানিতে অদ্রবণীয়।

37. স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন ও চাপ V-P লেখচিত্র কোন ধরনের?

- A. সমপরাবৃত্ত B. সরলরৈখিক
C. বৃত্তাকার D. অধিবৃত্ত

Solve সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ সমপরাবৃত্ত।

Note : নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ [বিভিন্ন লেখক]


সূত্রের নাম	আবিষ্কারক, সাল	গাণিতিক রূপ	ব্যবহার/প্রয়োগ/লেখচিত্র
১. বয়েলের সূত্র	রবার্ট বয়েল, ইংল্যান্ড- ১৬৬০/১৬৬২	$V \propto \frac{1}{P} \Rightarrow P_1V_1 = P_2V_2$	আইসোথার্ম রেখা বা সমতাপ রেখা
২. চার্লসের সূত্র/গে-লুসাকের সূত্র	চার্লস, ফ্রান্স- ১৭৮৭ গে-লুসাক- ১৮০২	$V \propto T \Rightarrow \frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$	আইসোবার/সমপ্রেশ
৩. চাপের সূত্র/গে-লুসাকের চাপের সূত্র	গে-লুসাক, ইংল্যান্ড/ফ্রান্স- ১৮০২	$P \propto T$	আইসোকোর
৪. অ্যাভোগেড্রোর সূত্র	অ্যাভোগেড্রো, ইতালি- ১৮১১	$V \propto n$	গ্যাসের মোলার আয়তন, অনু বা পরমাণুর সংখ্যা নির্ণয়।
৫. ডাল্টনের আংশিক চাপ সূত্র	জন ডাল্টন, ইংল্যান্ড- ১৮০২	$P = P_1 + P_2 + P_3 + \dots + P_n$	i. মিশ্রিত গ্যাসের চাপ নির্ণয়। ii. অর্ধ গ্যাসের চাপ নির্ণয়।
৬. গ্রাহামের ব্যাপন সূত্র	গ্রাহাম- ১৮২৯/১৮৩৩	$r \propto \frac{1}{\sqrt{d}}$	i. বিভিন্ন গ্যাসের আণবিক ভর নির্ণয়। ii. গ্যাস মিশ্রণের উপাদান সমূহের পৃথকীকরণ/গাঢ়ীকরণ। iii. একই মোলের আইসোটোপের পৃথকীকরণ।
৭. গে-লুসাকের গ্যাস আয়তন সূত্র	গে-লুসাক, ইংল্যান্ড/ফ্রান্স- ১৮০৮		

38. শ্বসন কেন্দ্র অবস্থিত কোথায়?

- A. পনস
B. মধ্যমস্তিষ্ক
C. সেরিবেলাম
D. স্নায়ুরঞ্জু

Solve সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ পনস। উল্লেখ্য যে, শ্বসন কেন্দ্র মস্তিষ্ক পশ্চাৎ মস্তিষ্কের অংশ মেডুলা অবলংগাটা এবং পনসে অবস্থিত।

Note: মস্তিষ্কের বিভিন্ন অংশঃ [আজমল]



39. $\text{C}_{12}\text{H}_{22}\text{O}_{11} + \text{H}_2\text{O} \xrightarrow{\text{প্রভাবক}} \text{C}_6\text{H}_{12}\text{O}_6 + \text{C}_6\text{H}_{12}\text{O}_6$ বিক্রিয়াতে প্রভাবক হিসেবে কাজ করে কোনটি?

- A. নিকেল
B. কপার
C. খনিজ এসিড
D. লোহা

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ খনিজ এসিডের উপস্থিতিতে স্যুক্রোজের ($\text{C}_{12}\text{H}_{22}\text{O}_{11}$) অর্ধ বিশ্লেষণে গ্লুকোজ ($\text{C}_6\text{H}_{12}\text{O}_6$) ও ফ্রুক্টোজ ($\text{C}_6\text{H}_{12}\text{O}_6$) পাওয়া যায়।

40. বিভিন্ন পদার্থের অণুগুলোর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে বলে-

- A. সংসক্তি বল
B. আণবিক পরাশক্তি
C. আসঞ্জন বল
D. আসঞ্জন শক্তি


Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ আসঞ্জন বল। উল্লেখ্য যে, একই পদার্থে বিভিন্ন অণুর মধ্যে বিদ্যমান পারস্পরিক আকর্ষণ বলকে সংসক্তি বা সংযুক্তি বল বলে।

41. কোনটি প্যারানাসাল সাইনাস নয়?

- A. ফ্রন্টাল সাইনাস
B. ম্যাক্সিলারি সাইনাস
C. স্ফেনয়ডাল সাইনাস
D. অস্প্রিপিটাল সাইনাস

Solve মানুষের দেহে ৪ জোড়া প্যারানাসাল সাইনাস বা সাইনাস থাকে যথাঃ

- i. ম্যাক্সিলারি
ii. এথময়ডাল
iii. ফ্রন্টাল
iv. স্ফেনয়ডাল



42. কোন রোগীর রক্তের P^H 6.90; এই অবস্থাকে কি বলে?
 A. অ্যালকালোসিস B. এসিডোসিস
 C. হাইড্রোসিস D. অ্যালকালিমিয়া

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ এসিডোসিস।

Note: জেনে নাও P^H সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্যঃ [হাজারী+সঞ্জিত]

- হাইড্রোজেন আয়নের ঘনত্ব উচ্চ হলে রোগীর অবস্থাকে এসিডোসিস এবং হাইড্রোজেন আয়নের ঘনত্ব নিম্ন হলে অ্যালকালোসিস বলে
- অম্লধর্মী মাটির P^H বাড়াতে ব্যবহৃত হয়- চুন, Ca, Mg প্রভৃতির সার
- ক্ষারধর্মী মাটির P^H কমাতে ব্যবহৃত হয়- KNO_3 , NH_4NO_3 , T.S.P, Ca $(H_2PO_4)_2$ ও সুপার ফসফেট ইত্যাদি।
- অম্লীয় বাফার দ্রবণে P^H এর মান 7 অপেক্ষা কম। যেমন-
 - $CH_3COOH + CH_3COONa$ এর জলীয় দ্রবণ
 - $H_2CO_3 + NaHCO_3$ এর জলীয় দ্রবণ
- ক্ষারীয় বাফার দ্রবণের P^H এর মান 7 অপেক্ষা বেশি। যেমন- $NH_4OH + NH_4Cl$ এর জলীয় দ্রবণ
- রক্তের বাফার ক্রিয়ায় অংশ নেয়- PO_4^{3-} , HCO_3^- , প্রোটিন

43. যদি কোন তাপ ইঞ্জিন থেকে কোন তাপ বের না করা হয়, তবে ইঞ্জিনের দক্ষতা কত?

- A. 0% B. 30%
 C. 100% D. 10%

Solve আমরা জানি, তাপ ইঞ্জিনের কর্মদক্ষতা, $\eta = \frac{Q_1 - Q_2}{Q_1} \times 100\%$;

এখানে ইঞ্জিন থেকে তাপ বের না হলে অর্থাৎ $Q_2 = 0$ হলে, $\eta = \frac{Q_1 - 0}{Q_1} \times 100\% = 100\%$ হয়। অতএব সঠিক উত্তর অপশন 'C'।

44. "Walking is a good exercise"—here 'walking' is a-

- A. verb B. noun
 C. Gerund D. adverb

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ Gerund. 'Verb + ing এই form টি একই সাথে noun ও Verb এর কাজ করলে তাকে Gerund বলে। প্রদত্ত বাক্যে Walking (Walk+ing) শব্দটিও একই সাথে noun ও verb এর কাজ করেছে।

45. দাতার দেহ থেকে বৃক্ক সংগ্রহের কতক্ষণের মধ্যে গ্রহীতার দেহে স্থাপন করতে হয়?

- A. ৭২ ঘন্টার মধ্যে B. ৪৮ ঘন্টার মধ্যে
 C. ১০০ ঘন্টার মধ্যে D. ২ ঘন্টার মধ্যে

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ ৪৮ ঘন্টার মধ্যে। উল্লেখ্য যে, বৃক্ক প্রতিস্থাপনের জন্য দাতা ও গ্রহীতা উভয়েরই রক্তের গ্রুপ ও টিস্যুর ধরণ একই হতে হয়।

Note: বৃক্ক সম্পর্কে কিছু প্রয়োজনীয় তথ্যঃ [আজমল+আলীম]

- এটি মানুষের প্রধান রেনাল অঙ্গ।
- বৃক্ক উর্ধ্ব অংশ ১১তম ও ১২তম পর্শুকা দ্বারা সুরক্ষিত থাকে।
- বৃক্কের অগ্রভাগে অ্যাড্রেনাল গ্রন্থি অবস্থিত।
- বাম বৃক্কটি ডান বৃক্কের চেয়ে সামান্য উপরে অবস্থিত।
- বৃক্কের দৈর্ঘ্য 10-12/11-12 cm, প্রস্থ 5-6 cm এবং স্থূলত্ব 3 cm
- প্রতিটি বৃক্কের ওজন পুরুষে ১৫০-১৭০ গ্রাম এবং স্ত্রী লোকে ১৩০-১৫০/ ১১৫-১৫৫ গ্রাম।
- বৃক্কের অবতল অংশের ভাঁজকে হাইলাস বলে।

- বৃক্কের আবরণের নাম ক্যাপসুল/টিউনিকা ফাইব্রোসা।
- বৃক্কের কিছু কাজঃ
- বৃক্কের মাধ্যমে মানব দেহে অসমোরেগুলেশন ঘটে থাকে।
- মানুষের রেনালতন্ত্র নিম্নোক্ত অংশ নিয়ে গঠিত। যথাঃ

- i. বৃক্ক (২টি)
 ii. রেনালনালা (২টি)
 iii. মূত্রথলি (১টি)
 iv. মূত্রনালা (১টি)

46. মাংস কোটাজাতকরণে নিচের কোনটি ব্যবহৃত হয়?

- A. 4% চিনির দ্রবণ
 B. 2% লবণের দ্রবণ
 C. 10% লবণের দ্রবণ
 D. 8% চিনির দ্রবণ

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ 2% লবণের দ্রবণ।

47. একটি গাড়ী চলতে থাকলে এর টায়ারের ভিতর একটি তাপগতীয় প্রক্রিয়া চলে। এই প্রক্রিয়া হল-

- A. সমআয়তন প্রক্রিয়া
 B. সমোষ্ণ প্রক্রিয়া
 C. রুদ্ধতাপীয় প্রক্রিয়া
 D. সমচাপ প্রক্রিয়া

Solve একটি গাড়ী চলতে থাকলে এর টায়ারের ভেতরের বায়ুর তাপমাত্রা ও চাপ বৃদ্ধি পায়। কিন্তু টায়ারের আয়তনের কোনো পরিবর্তন ঘটে না। আর যখন তাপ প্রয়োগে আবদ্ধ পাত্রের গ্যাসের গুণু তাপমাত্রা ও চাপের পরিবর্তন ঘটে কিন্তু আয়তন স্থির থাকে তাকে সমআয়তন প্রক্রিয়া বলে। অতএব সঠিক উত্তর অপশন 'A'।

48. Choose the correct sentence:

- A. One should obey their parents
 B. One should obey one's parent
 C. One should obey parent
 D. One should obey the parent

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ One should obey one's parent.

49. মানুষের কজিতে হাড়ের সংখ্যা কত?

- A. ৫টি B. ৮টি
 C. ৭টি D. ১০টি

Solve সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ মানুষের কজিতে হাড়ের সংখ্যা ৮; যাদেরকে কার্পাল বলে।

Note: নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ [আজমল]

- ♦ মানুষের কজির হাড় বা কার্পালের ৮টি হাড়ের নামঃ
- গোড়ার দিকে- স্ক্যাফয়েড (নেভিকুলার), লুনেট, ট্রাইকুয়েট্রাল ও পিসিফর্ম
- প্রান্তের দিকে- ট্র্যাপেজিয়াম, ট্র্যাপেজয়েড, ক্যাপিটেট ও হ্যামেট
- করতলের ৫ টি অস্থিকে বলে মেটাকার্পাল
- ইলিয়াম, ইশিয়াম ও পিউবিস নিয়ে শ্রোণী-অস্থিচক্র গঠিত
- ইলিয়াম, ইশিয়াম ও পিউবিসের সংযোগ স্থলে অ্যাসিটাবুলাম অবস্থিত এবং অ্যাসিটাবুলামে ফিমারের মস্তক আটকানো থাকে।
- প্যাটেলা অস্থি পেশির টেনডন থেকে উৎপন্ন হয় এবং এটি একটি সিসাময়েড অস্থি
- টার্সাল অস্থির সংখ্যা ৭; যথাঃ ক্যালকেনিয়াস, ট্যালাস, কিউবয়েড, নেভিকুলার, কুনিফর্ম (৩টি)
- মেটাটার্সালের সংখ্যা ৫।

50. মেহেদীর রঙের জন্য দায়ী কোন পদার্থটি?

- A. ল্যানোলিন
B. অলিক এসিড
C. লোশন (Lotion)
D. লাসোন (Lawson)

Solve সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ লাসোন (Lawson)

Note: জেনে নাও আরও কিছু প্রয়োজনীয় তথ্যঃ [হাজারী+সঞ্জিত]

- হেয়ার অয়েলে অ্যান্টিঅক্সিডেন্ট হিসেবে T-বিউটাইল হাইড্রোকুইনোন থাকে
- টেলকম পাউডারের মূল উপাদান টেলক; যার রাসায়নিক নাম হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট ($3MgO \cdot 4SiO_2 \cdot H_2O$)
- টেলকম পাউডারে অ্যান্টিসেপ্টিক হিসেবে ব্যবহৃত হয় - জিংক স্টিয়ারেট এবং সুগন্ধি হিসেবে মেনথল ব্যবহৃত হয়।
- কোন্ড ক্রিমের মূল উপাদান হলো -মোম, তেল, বোরাক্স, পানি ইত্যাদি
- লিপস্টিকের প্রধান উপাদানসমূহ- ওয়াশ ও চর্বি, অয়েল, অ্যালকোহল, পিগমেন্ট, সুগন্ধি।
- আফটার শেভ প্রস্তুতিতে অ্যান্টিসেপটিক হিসেবে ডি- ন্যাচার্ড অ্যালকোহল- 40 ব্যবহৃত হয়।
- মেহেদি পাতার নির্ধারিত লাসোন নামক 2-হাইড্রক্সি- 1, 4-ন্যাপথাকুইনোন জৈব যৌগ থাকে যা রং সৃষ্টির জন্য দায়ী
- গ্লাস ক্রিনারে শিঞ্জের দ্রাবক হিসেবে ব্যবহৃত হয়- ২৮% অ্যামোনিয়া
- টয়লেট ক্রিনারে শিঞ্জের দ্রাবক হিসেবে ব্যবহৃত হয় - কঠিক সোডা (NaOH)

51. দুটি আধানের মধ্যবর্তী দূরত্ব 3 গুণ করা হলো, তবে বল কতগুণ হবে?

- A. $\frac{1}{9}$ B. 9 C. $\frac{1}{3}$ D. 3

Solve আমরা জানি, q_1 ও q_2 মানের দুটি আধান r দূরত্বে অবস্থিত হলে আধান

দুটির মধ্যকার আকর্ষণ বা বিকর্ষণ বলের মান, $F = \frac{q_1 q_2}{r^2}$

∴ মধ্যবর্তী দূরত্ব 3 গুণ হলে, $F' = \frac{q_1 q_2}{(3r)^2} = \frac{q_1 q_2}{9r^2}$

∴ $F' = \frac{1}{9} \times \frac{q_1 q_2}{r^2} = \frac{1}{9} \times F$

অর্থাৎ নতুন বল পূর্বের বলের $\frac{1}{9}$ গুণ হবে।

52. What part of speech is the word "Extraordinary"?

- A. Noun B. Verb
C. Adjective D. Adverb

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ Adjective. কেননা- Extraordinary হচ্ছে একটি গুণ যার অর্থ অসাধারণ/অনবদ্য।

Note: জেনে নাও বিভিন্ন Parts of speech এর Adjective form:

Different parts of speech	Adjective form
Authority	Authoritative
Believe	Believable
Tax	Taxable
Democracy	Democratic
Brother	Brotherly
Decision	Decisive
Mother	Motherly
Danger	Dangerous
Coward	Cowardly
Obligate	Obligatory
Envy	Envious
Study	Studious
Anger	Angry
Village	Rural
Imitate	Imitative
Mountain	Mountainous
Night	Nocturnal
Laugh	Laughable
Commit	Committed
Imply	Implied


53. মানুষের স্বাভাবিক রক্তক্ষরণ কাল-

- A. ৫-৭ মিনিট
B. ১২-১৪ মিনিট
C. ১-৪ মিনিট
D. ৪০-৫৫ মিনিট

Solve মানুষের স্বাভাবিক রক্তক্ষরণ কাল হলো ১-৪ মিনিট।

Note: জেনে নাও রক্ত সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্যঃ [আজমল+আলীম]

- পূর্ণ বয়স্ক পুরুষের দেহে প্রায় ৫-৬ লিটার রক্ত এবং মহিলার দেহে ৪.৫-৫.৫ লিটার রক্ত থাকে যা দৈনিক মোট ওজনের প্রায় ৮%/৭-৮%।
- রক্তের pH মাত্রা ৭.৩৫-৭.৪৫, তাপমাত্রা ৩৬-৩৮°C/৩৬-৩৭°C/ এবং আঃ গুরুত্ব ১.০৬৫/১.০৫-১.০৬।
- রক্তের বিভিন্ন উপাদানঃ



54. নিচের কোন তথ্যটি সঠিক নয়?

- A. সারফেস ওয়াটারে HNO_3 এসিড দ্রবীভূত থাকে
B. খর পানিতে Ca^{+2} , Mg^{+2} , Fe^{+3} দ্রবীভূত থাকে
✓ C. বিশুদ্ধ পানির P^H 7.00
✓ D. 25°C তাপমাত্রায় পানির P^H 6.5-8.5 এর মধ্যে থাকলে, পানি বর্ণহীন ও গন্ধহীন হয়

Solve অপশন 'A' সঠিক নয়; কেননা সারফেস ওয়াটারে H_2NO_3 এসিড দ্রবীভূত থাকে।

55. একটি ধাতব রোধের উষ্ণতা 10°C হতে 110°C পর্যন্ত বৃদ্ধি পেলে এর রোধ 10% বাড়ে। ধাতুটির রোধের উষ্ণতা গুণাক্ষ কত?

- A. $0.02^\circ C^{-1}$
B. $0.002^\circ C^{-1}$
C. $0.01^\circ C^{-1}$
D. $0.001^\circ C^{-1}$

Solve ধাতুটির রোধের উষ্ণতা গুণাক্ষ,

$$\alpha = \frac{\text{রোধের পরিবর্তন}}{\text{তাপমাত্রার পরিবর্তন}}$$

$$= \frac{10\%}{(110-10)}$$

$$= \frac{0.1}{100}$$

$$= 0.001^\circ C^{-1}$$

56. প্রাণ বয়স্ক মানুষের মস্তিষ্কে নিউরনের সংখ্যা কত?

- A. ১০ মিলিয়ন
B. ১০ কোটি
C. ১০ বিলিয়ন
D. ১০ লক্ষ

Solve সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ ১০ বিলিয়ন। উল্লেখ্য যে, একজন প্রাণ বয়স্ক মানুষের মস্তিষ্কের গড় ওজন প্রায় ১.৩৬ কেজি এবং আয়তন প্রায় ১৫০০ ঘন সেন্টিমিটার।

Note: দেখে নাও স্নায়ুতন্ত্র সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যঃ [আজমল+আলীম]
→ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র মেনিনজেস পর্দা দ্বারা আবৃত
